চট্টগ্রাম রবিবার ২ আগস্ট ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ১৫৮ তম সংখ্যা । । ১৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ । । ১৮ সফর ১৪৪৮ হিজরি । । Sunday 2 August 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগে ফেয়ারওয়েল প্রোগ্রামে অতিথিবৃন্দ ও অন্যরা*

# প্রিমিয়ার ভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের ফেয়ারওয়েল প্রোগ্রাম

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবন প্রাঙ্গণে ব্যবসায় প্রশাসন বিভাগের বিবিএ প্রোগ্রামের ৪৪তম ব্যাচের ফেয়ারওয়েল প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গতকাল ১ আগস্ট শনিবার আয়োজিত অনুষ্ঠানে অনলাইনের মাধ্যমে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন, ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী ও মার্কেটিং ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর সহযোগী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরী। ব্যবসায় শিক্ষা অনুষদের সহযোগী ডিন প্রফেসর এম. মঈনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির অনলাইনে বক্তব্য রাখতে গিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় জীবনের সমাপ্তি কোনো যাত্রার শেষ নয়, বরং এটি নতুন সম্ভাবনা, নতুন দায়িত্ব এবং নতুন স্বপ্নের সূচনা। বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, একজন শিলমঘার্থীর প্রকৃত পরিচয় কেবল তার একাডেমিক ফলাফলে সীমাবদ্ধ নয়, তার সততা, দায়িত্ববোধ এবং কর্মদক্ষতাই তাকে প্রকৃত অর্থে সফল করে তোলে। বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়ে অর্জিত শৃঙ্খলা, পারস্পরিক শ্রদ্ধাবোধ ও সহমর্মিতার শিক্ষা কর্মজীবন ও ব্যক্তিজীবনে সমানভাবে গুরুত্বপূর্ণ। যেখানেই থাকো, প্রিমিয়ার ইউ-নিভার্সিটির শিক্ষার্থী হিসেবে দায়িত্বশীল আচরণ ও নৈতিক মূল্যবোধের পরিচয় বহন করবে।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক তাহমিনা রেজা।

বিভাগের শিক্ষার্থী শাহরিয়ার আবরার, ভূমিকা বিশ্বাস এবং সৈয়দা নওশিন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। এ সময় উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ, ফিন্যান্স ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর রাজীব দত্ত, অ্যাকাউন্টিং ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর ড. আহসান উদ্দিন, এইচআরএম ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর রহিমা বেগম, প্রক্টরিয়াল বডির সদস্যবৃন্দ, ব্যবসায় প্রশাসন বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী।

Ref: Daily Purbokone, Date: 02 August 2026, Page: 3, Col: 1

https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-08-02

চট্টগ্রাম • রোববার • ২ আগস্ট ২০২৬ • ১৮ শ্রাবণ ১৪৩৩ • ১৮ সফর ১৪৪৮
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ৩২৮

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH
suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat




৩ সেই পুতুল নদী যে ছেলেটার নাম জানত
৫ শিক্ষার্থীর হতে হবে সৎ ও দায়িত্ববান : উপাচার্য
৬ ভারতের মডেল অনুসরণ করতে আগ্রহী বিসিবি
সম্পাদকীয়
এবার হালদা-কর্ণফুলীর মাছ থেকে মানবদেহে ...
বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটি ব্যবসায় প্রশাসন বিভাগে ফেয়ারওয়েল প্রোগ্রামে অতিথিদের সাথে অংশগ্রহণকারীরা

# শিক্ষার্থীর হতে হবে সৎ ও দায়িত্ববান : উপাচার্য

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবন প্রাঙ্গণে ব্যবসায় প্রশাসন বিভাগের বিবিএ প্রোগ্রামের ৪৪তম ব্যাচের ফেয়ারওয়েল প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

১ আগস্ট সকাল ১০টায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অনলাইনের মাধ্যমে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী ও মার্কেটিং ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর সহযোগী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরী। ব্যবসায় শিক্ষা অনুষদের সহযোগী ডিন প্রফেসর এম. মঈনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপাচার্য প্রফেসর এস. এম. নছরুল কদির অনলাইনে বক্তব্য রাখতে গিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় জীবনের সমাপ্তি কোনো যাত্রার শেষ নয়; বরং এটি নতুন সম্ভাবনা, নতুন দায়িত্ব এবং নতুন স্বপ্নের সূচনা। ব্যবসায় প্রশাসনের শিক্ষার্থীরা কেবল দক্ষ পেশাজীবীই নয়, বরং নৈতিকতা, মানবিক মূল্যবোধ ও নেতৃত্বের গুণাবলিতে সমৃদ্ধ নাগরিক হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করবে-এটাই আমাদের প্রত্যাশা। জীবনের প্রতিটি ক্ষেত্রে আত্মবিশ্বাস, অধ্যবসায় ও ইতিবাচক মনোভাব নিয়ে এগিয়ে গেলে সফলতা অবশ্যই ধরা দেবে। তিনি বিদায়ী শিক্ষার্থীদের ৪ বছর ধরে শিক্ষা প্রদান ও জ্ঞানসমৃদ্ধ করার জন্য বিভাগের শিক্ষক-শিক্ষিকাদের কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার বলেন, একজন শিক্ষার্থীর প্রকৃত পরিচয় কেবল তার একাডেমিক ফলাফলে সীমাবদ্ধ নয়; তার সততা, দায়িত্ববোধ এবং কর্মদক্ষতাই তাকে প্রকৃত অর্থে সফল করে তোলে। বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মোহাম্মদ সোলাইমান চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়ে অর্জিত শৃঙ্খলা, পারস্পরিক শ্রদ্ধাবোধ ও সহমর্মিতার শিক্ষা কর্মজীবন ও ব্যক্তিজীবনে সমানভাবে গুরুত্বপূর্ণ। বিশেষ অতিথি মার্কেটিং ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর সহযোগী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরী । তিনি বলেন, আজকে তোমাদের বিদায় হলেও আসলে আজকে থেকে তোমাদের অন্য অধ্যায়ের সূচনা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক তাহমিনা রেজা। বিভাগের শিক্ষার্থী শাহরিয়ার আবরার, ভূমিকা বিশ্বাস এবং সৈয়দা নওশিন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন। এ সময় উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ, ফিন্যান্স ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর রাজীব দত্ত, অ্যাকাউন্টিং ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর ড. আহসান উদ্দিন, এইচআরএম ডিসিপ্লিনের কো-অর্ডিনেটর রহিমা বেগম, প্রক্টরিয়াল বডির সদস্যবৃন্দ, ব্যবসায় প্রশাসন বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী। অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। বিজ্ঞপ্তি

**প্রিমিয়ার ইউনিভার্সিটি ব্যবসায় প্রশাসন বিভাগে ফেয়ারওয়েল প্রোগ্রাম**

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 02 August 2026, Page: 5, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-08-2